

কুবির ‘গ’ ইউনিটে ভুল প্রশ্ন কাণ্ডে তোলপাড়

মোহাম্মদ জোবাইর হোসাইন, কুবি প্রতিনিধি

প্রকাশিত: ১৬:০৯, ১৯ এপ্রিল ২০২৫



ছবি: জনকণ্ঠ

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের বাণিজ্য অনুষদভুক্ত ‘গ’ ইউনিটের ভর্তি পরীক্ষায় ভুল প্রশ্নপত্র প্রদানের অভিযোগ উঠেছে। পরীক্ষা শুরুর ৪০ মিনিট পর প্রশ্নপত্র পরিবর্তন করে সঠিক প্রশ্ন সরবরাহ করা হয়।



শনিবার (১৯ এপ্রিল) সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

পরীক্ষার্থীরা অভিযোগ করে জানান, ‘গ’ ইউনিটের পরীক্ষায় প্রথমে মানবিক বিভাগের ইংরেজি প্রশ্নপত্র সরবরাহ করা হয়। ফলে পরীক্ষার শুরুতে প্রায় ৪০ মিনিট বিলম্ব ঘটে।



‘গ’ ইউনিট ভর্তি পরীক্ষা কমিটির আহ্বায়ক আহসান উল্লাহ বলেন, “বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের প্রশ্নপত্র মনে করে তা সরবরাহ করা হয়েছিল। কিন্তু শিক্ষার্থীরা বিষয়টি জানানোর পর আমরা তাৎক্ষণিকভাবে প্রশ্নপত্র পরিবর্তন করি। এতে কিছুটা সময় বিলম্ব হয়েছে।”

ভুলের দায় কে নেবে—এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, “আমাদের সামান্য ভুলে যেন শিক্ষার্থীদের অধিকার ক্ষুণ্ণ না হয়, সেজন্য বিলম্বিত সময়ের সমপরিমাণ অতিরিক্ত সময় পরীক্ষার্থীদের দেওয়া হয়েছে।”

